

গুজীর রাতে ছাত্রী হোস্টেলে ছাত্রলীগ নেতারা : বরিশালে তোলপাড়

বরিশাল অফিস

রোববার, নিবাগত গুজীর রাতে বরিশাল শেরে বাংলা মেডিকেল কলেজের ছাত্রী হোস্টেলে ছাত্রলীগ নেতাদের প্রবেশ ও ছাত্রীদের হুমকি দেয়ার ঘটনায় তোলপাড় চলছে। এর প্রতিবাদে মানববন্ধন করেছেন ছাত্রীরা। সোমবার বেলা সাড়ে ১১টায় মেডিকেল কলেজ ক্যাম্পাসে এ মানববন্ধন শেষে ছাত্রীরা অধ্যক্ষের কাছে বিচার চেয়ে লিখিত অভিযোগ করা হয়।

ছাত্রীরা জানান, রোববার গুজীর রাতে মেডিকেল কলেজের অবৈধ ছাত্রকর্মী পরিষদের ডিপি আবদুল্লাহ মারুফ ও প্রো-ডিপি আবদুল বাকিসহ বেশ কয়েকজন ছাত্রলীগ নেতা মাতাল অবস্থায় ছাত্রী নিবাসে প্রবেশ করে।

অভিযুক্তরা কয়েকজন ছাত্রীর নাম উল্লেখ করে তাদের হোস্টেল ত্যাগের নির্দেশ দেয় এবং নানা অসংলগ্ন আচরণ করে। এ সময় ছাত্রী হলের অন্য ছাত্রীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। বিষয়টি সোমবার ছাত্রীরা কলেজ অধ্যক্ষকে লিখিতভাবে জানিয়েছেন।

তারা ছাত্রী হলের নিরাপত্তা ও মহিলা হোস্টেল সূপার নিয়োগসহ ১০ দফা দাবি তুলে ধরে জানান, সোমবারের মধ্যে দোষীদের বিচার করা না হলে ছাত্রীরা ঐক্যবদ্ধভাবে কঠোর আন্দোলন গড়ে তুলবেন।

অভিযুক্ত ছাত্রলীগ নেতারা গণমাধ্যমের কাছে বিষয়টি পুরোপুরি অস্বীকার করেন। অপরদিকে কলেজ অধ্যক্ষ প্রফেসর ড. মো. শহীদুল আলম গণমাধ্যমকর্মীদের সঙ্গে বারাপ আচরণ করে বিষয়টি তোলপাড় : পৃষ্ঠা ১৫ কলাম ৩



রোববার রাতে ছাত্রী হলে অবৈধ কর্মীদের দৃষ্টান্তমূলক গাতিসহ ১০ দফা দাবি পূরণের জন্য বরিশাল শেরে বাংলা মেডিকেল কলেজের ছাত্রীরা প্রিন্সিপালের অফিসের সামনে অবস্থান নেন।

-যায়যায়